

-২৬৪-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গুপ্তসংকেত পরিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
www.doc.portal.gov.bd

নম্বর: ২৩.১০.০০০০.০০১.১৬.০১২.১৫-৮-৮২ (ফ),

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯/১৩ অক্টোবর ২০২২

তথ্য অধিকার নিশ্চিতকরণে সংশ্লিষ্ট আইন ও সরকারি নির্দেশনার আলোকে “গুপ্তসংকেত পরিদপ্তরের তথ্যাদির শ্রেণীবিন্যাস ও প্রয়োজ্য ক্ষেত্রে উক্ত প্রকাশের মাধ্যম” সম্পর্কিত নিম্নরূপ তালিকা প্রণয়ন করা হলো

**“গুপ্তসংকেত পরিদপ্তরের তথ্যাদির শ্রেণীবিন্যাস ও প্রয়োজ্য ক্ষেত্রে উক্ত প্রকাশের মাধ্যম”-সম্পর্কিত তালিকা**

স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম

ক্রমিক	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম
১	কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ (অশ্রেণীভুক্ত/ non-classified এবং প্রকাশযোগ্য)	দপ্তরের নোটিশ বোর্ড, দপ্তরে রক্ষিত মুদ্রিত অনুলিপি ও দপ্তরের ওয়েব সাইট;
২	কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের ডিরেক্টরী	দপ্তরে রক্ষিত মুদ্রিত অনুলিপি;
৩	কর্তৃপক্ষের বাজেট এবং প্রস্তাবিত খরচ	দপ্তরে রক্ষিত মুদ্রিত অনুলিপি ও দপ্তরের ওয়েব সাইট;
৪	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই- মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম	দপ্তরের নোটিশ বোর্ড ও দপ্তরের ওয়েব সাইট;
৫	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই- মেইল ঠিকানাসহ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম	দপ্তরের নোটিশ বোর্ড ও দপ্তরের ওয়েব সাইট;
৬	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই- মেইল ঠিকানাসহ আপীল কর্তৃপক্ষের বিবরণ	দপ্তরের নোটিশ বোর্ড ও দপ্তরের ওয়েব সাইট;
৭	নিয়োগ বিজ্ঞপ্তি, জ্যেষ্ঠতার বিজ্ঞপ্তি, পদোন্নতি, বদলি, পাসপোর্টের অনাপত্তিপত্র, টেন্ডার বিজ্ঞপ্তি, প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষার ফল, নিলাম বিজ্ঞপ্তি, বিভিন্ন ধরনের মহড়া, বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ, দপ্তর পরিদর্শন/ইত্যাদি।	দপ্তরে রক্ষিত মুদ্রিত অনুলিপি ও দপ্তরের ওয়েব সাইট;
৮	তথ্য কমিশন ও কমিশনারদের নাম, পদবী ও ঠিকানার বিস্তারিত বিবরণ	দপ্তরের নোটিশ বোর্ড ও দপ্তরের ওয়েব সাইট;
৯	তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ থাকবে: (ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম (খ) কী তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে (গ) অনুরোধের তারিখ	গৃহীত আবেদন পত্রের একটি কপি পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে ও দপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত হবে।

কর্তৃপক্ষ আরও যে সকল তথ্য স্বপ্রণোদিতভাবে প্রকাশ করবে

১	চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা	তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, গুপ্তসংকেত পরিদপ্তরের ওয়েব সাইট, নোটিশ বোর্ড এবং পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে।
২	প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা	তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, গুপ্তসংকেত পরিদপ্তরের ওয়েব সাইট, নোটিশ বোর্ড এবং অফিসে পরিদর্শনের জন্য রক্ষিত থাকবে।
৩	স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা	তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, গুপ্তসংকেত পরিদপ্তরের ওয়েব সাইট, নোটিশ বোর্ড এবং অফিসে পরিদর্শনের জন্য রক্ষিত থাকবে।
৪	আবেদন, আপীল ও অভিযোগের ফরম	তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট এবং গুপ্তসংকেত পরিদপ্তরের অফিসে হার্ড ও সফট কপি রক্ষিত থাকবে; এবং দাপ্তরিক ওয়েব সাইটে প্রকাশিত হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

*Atkinson*

## চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে-

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
- বিভিন্ন নীতি
- সংস্থার বাজেট
- আর্থিক তথ্য, যেমন-আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী
- অডিট রিপোর্ট (জবাব সহ)
- প্রকল্পের ব্যাংক- সংক্রান্ত তথ্য (অশ্রেণীভুক্ত হওয়া সাপেক্ষে)
- ক্রয় কার্যক্রমসংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর)
- সেবাগ্রহণকারী দপ্তরসমূহের তালিকা
- নিয়োগ/বদলির আদেশ
- দেশে বা বিদেশে ভ্রমণসংক্রান্ত তথ্যাদি
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরবর্তী ছক) ব্যতীত অন্য সকল তথ্য।

## প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা

নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না-

- যে কোন শ্রেণীভুক্ত (Classified) বিষয়াদি
- কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হয়, এরূপ তথ্য।
- বিচারাধীন মামলার তথ্য যা ঐ মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে, এরূপ তথ্য।
- তদন্তাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য, যার প্রকাশ তদন্তকাজে বিঘ্ন ঘটাতে পারে।
- কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রমসংক্রান্ত কোনো তথ্য।
- গবেষণার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে, এরূপ তথ্য।
- নিয়োগ ও পদোন্নতি পরীক্ষাসহ সকল পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ও পরীক্ষার ফলাফলসংক্রান্ত আগাম তথ্য ইত্যাদি।
- বিভাগীয় প্রশিক্ষণ পরীক্ষা সংক্রান্ত তথ্য।

*Hassanli*  
২৩/১০/২০২২

(মোহাম্মদ হোসেন আলী)

পরিচালক

গুপ্তসংকেত পরিদপ্তর

গণভবন কমপ্লেক্স, ঢাকা